63

আজকের কাগজ

তারিখ 06 MAR 1996
পৃষ্ঠা ৮ কলাম ২

প্রাথমিক শিক্ষা চিত্র— ঝিনেদা

# ৪৪ হাজার ছাত্রছাত্রীর হাতে বিনা মূল্যের পাঠ্যবই পৌঁছেনি

ঝিনেদা প্রতিনিধি : ঝিনেদার ৬ থানায় চলতি শিক্ষা বর্ষে প্রাথমিক বিদ্যালয়গুলোর ৪৪ হাজার ছেলে-মেয়ে বিনামূল্যের পাঠ্যবই পাওয়া থেকে বঞ্চিত হয়েছে। ২ মাস অতিক্রান্ত হলেও এসব শিক্ষার্থিরা বই পায়নি এবং পাওয়ারও কোনো সম্ভাবনা নেই। সরকার প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি চালু করে গালভরা বুলি আওড়ালেও সারাদেশের মতো ঝিনেদার এই বিপুল সংখ্যক প্রাথমিক শিক্ষার্থির শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, শৈলকুপা থানায় ১৬ হাজার প্রথম শ্রেণীতে, ১৪ হাজার দ্বিতীয় শ্রেণীতে, ১১ হাজার তৃতীয় শ্রেণীতে, ৯ হাজার ৪র্থ শ্রেণীতে, ৭ হাজার ৫ম শ্রেণীতে,

কোটচাঁদপুর থানায় ১ম শ্রেণীতে ৭ হাজার, ২য় শ্রেণীতে ৫ হাজার ৫শ', ৩য় শ্রেণীতে ৪ হাজার ৫শ', ৪র্থ শ্রেণীতে ৪ হাজার ৫শ' ৫ম শ্রেণীতে ৩ হাজার ৫শ' মহেশপুর থানায় প্রথম শ্রেণীতে ১২ হাজার, ২য় শ্রেণীতে ১০ হাজার, ৩য় শ্রেণীতে ৯ হাজার, ৪র্থ শ্রেণীতে ৮ হাজার, ৫ম শ্রেণীতে ৫ হাজার ৫শ', হরিণাকুণ্ডু থানায় ১ম শ্রেণীতে

৭ হাজার ১শ' ৫০ জন, ২য় শ্রেণীতে ৬ হাজার ৫শ', ৩য় শ্রেণীতে ৬ হাজার, ৪র্থ শ্রেণীতে ৫ হাজার, ৫ম শ্রেণীতে ৩ হাজার ৫শ', কালীগঞ্জ থানায় প্রথম শ্রেণীতে ১ হাজার ২শ', ২য় শ্রেণীতে ১০ হাজার, ৩য় শ্রেণীতে ৮ হাজার, ৪র্থ শ্রেণীতে ৭ হাজার ৫শ, ৫ম শ্রেণীতে ৫ হাজার এবং সদর থানায় প্রথম শ্রেণীতে ২০ হাজার, ২য় শ্রেণীতে ১৮ হাজার, ৩য় শ্রেণীতে ১৪ হাজার, ৪র্থ শ্রেণীতে ১২ হাজার ও ৫ম শ্রেণীতে ৮ হাজার ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। এ হিসেবে ঝিনেদার ৬ থানায় ১ম শ্রেণীতে মোট ৭৪ হাজার ১শ' ৫০ জন, ২য় শ্রেণীতে মোট ৬৪ হাজার, ৩য় শ্রেণীতে ৫২ হাজার ৫শ', ৪র্থ শ্রেণীতে ৪৬ হাজার এবং ৫ম শ্রেণীতে ৩২ হাজার ৫শ, ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পেয়েছে। এদের মধ্যে ৪র্থ ও ৫ম শ্রেণীর সকল ছাত্র ছাত্রী বই পেলেও প্রথম শ্রেণীতে ৯ হাজার ২শ', ২য় শ্রেণীতে ১৬ হাজার ৫শ' এবং ৪র্থ শ্রেণীতে ১৮ হাজার ৩শ' সেট বই বিতরণ করা হয়েছে। পক্ষান্তরে চলতি শিক্ষাবর্ষের ২ মাস অতিক্রান্ত হতে চললেও ১ম শ্রেণীর ৫৪ হাজার ৮শ' ২য় শ্রেণীর ৩৬ হাজার এবং ৩য় শ্রেণীর ২৭ হাজার ৭শ' সেট বই সরবরাহ না থাকায় বিতরণ করা যায়নি। ফলে বইয়ের অভাবে ৪৪ হাজার ছাত্রছাত্রীর শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। বহু ছাত্রছাত্রী বিদ্যালয়ে যাওয়া ছেড়ে দিয়েছে। সংশ্লিষ্ট বিভাগ সূত্রে প্রকাশ, ঝিনেদা জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪শ' ৭টি, রেজিষ্টার বিদ্যালয় ৩শ' ৬৪টি, স্যাটালাইট বিদ্যালয় ৬টি এবং স্বল্পব্যয়ী বিদ্যালয়ের সংখ্যা ২০টি। এসব বিদ্যালয়সমূহে ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত মোট ছাত্রছাত্রীর সংখ্যা ২ লাখ ৬৯ হাজার ১শ' ৫০ জন। কিন্তু বই এসেছে মাত্র ২ লাখ ২৫ হাজার ১শ' ৫০ সেট। ফলে ৪৪ হাজার ছাত্র-ছাত্রী মোটেই বই পায়নি এবং অন্যদের পুরাতন ও ছেঁড়া বই দেয়া হয়েছে।